

১. সম্মানিত ডিন
সকল অনুষদ
ঢাকা বিশ্ববিদ্যালয়
২. চেয়ারম্যান
সকল বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক
সকল ইনস্টিটিউট
ঢাকা বিশ্ববিদ্যালয়
৪. প্রাধ্যক্ষ/ওয়ার্ডেন
সকল হল/হোস্টেল
ঢাকা বিশ্ববিদ্যালয়
৫. প্রক্টর
ঢাকা বিশ্ববিদ্যালয়

বিষয়: যৌন হয়রানী ও নিপীড়ন প্রতিরোধকল্পে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনের সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রসঙ্গে।

মহোদয়,


সবিনয়ে জানাচ্ছি যে, সিভিকিটের (১৬/৬/২০২৫) সিদ্ধান্তের আলোকে আপনার অনুষদ ও ইনস্টিটিউটে (এবং প্রক্টর অফিসে) নিম্নোক্ত বিষয়গুলো অতিদ্রুত বাস্তবায়নের জন্য প্রেরণ করা হলো:

১. যৌন হয়রানী ও নিপীড়ন সংক্রান্ত অভিযোগ বক্স সংশ্লিষ্ট অফিসে স্থাপন করা এবং সাপ্তাহিক ভিত্তিতে প্রাপ্ত অভিযোগ 'যৌন হয়রানী ও নিপীড়ন প্রতিরোধকল্পে গঠিত তদন্ত কমিটি (পুনর্গঠিত)' [আহ্বায়ক: অধ্যাপক ড. উপমা কবির, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়]-এর নিকট প্রেরণ করা;
২. প্রতিটি বিভাগে/ইনস্টিটিউটে বছরে কমপক্ষে একবার যৌন হয়রানী ও নিপীড়ন, বুলিং, র্যাগিং বিষয়ে শিক্ষার্থী ও শিক্ষকদের নিয়ে কর্মশালার আয়োজন করা;
৩. প্রতিটি বিভাগ/ইনস্টিটিউটের ওরিয়েন্টেশন প্রোগ্রামে যৌন হয়রানী ও নিপীড়ন এবং র্যাগিং এন্ড বুলিং এর বিষয়ে আলোচনা করা;
৪. যৌন হয়রানী ও নিপীড়নের ক্ষেত্রে ২টি উপায়ে অভিযোগ করা যেতে পারে: (১) ইমেইলের মাধ্যমে (sexualharassment@du.ac.bd) এবং (২) প্রতিটি অনুষদ, ইনস্টিটিউট ও প্রক্টর অফিসের অভিযোগ বাক্সে বদ্ধ খামে। প্রতিটি বিভাগ/ইনস্টিটিউটের নোটিশবোর্ডে এই তথ্য অতিসত্ত্বর উপস্থাপনের উদ্যোগ নেয়া ও তত্ত্বাবধান করা।
৫. এ সংক্রান্ত নিয়মাবলী বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য প্রযোজ্য হবে।

উপর্যুক্ত বিষয়গুলো অতিসত্ত্বর বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ জানাচ্ছি। এ সংক্রান্ত বিষয়ে জিজ্ঞাসা থাকলে অধ্যাপক ড. উপমা কবির (ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়) বরাবর যোগাযোগ করা যেতে পারে।

আপনার বিশ্বস্ত,


(এ কে এম আফতাবুজ্জামান)
ডেপুটি রেজিস্ট্রার
প্রো-ভাইস চ্যান্সেলর অফিস (প্রশাসন)
ঢাকা বিশ্ববিদ্যালয়


অধ্যাপক ড. জাফর আহমেদ খান
চেয়ারম্যান
পরিসংখ্যান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়